গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

**শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবু তাহের মো: মাসুদ রানা<br>মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| তারিখ | : | ১১ আগস্ট ২০২৩ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | ইনস্টিটিউটের সম্মেলন কক্ষ |
| উপস্থিত অংশগ্রহণকারীগণের তালিকা | : | পরিশিষ্ট "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি ইনস্টিটিউটের সকল শাখার সার্বিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে অবগত হন। ইনস্টিটিউটের সকল কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সম্পন্ন করার প্রতি তিনি গুরুত্বারোপ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্ন বর্ণিত বিষয়সমূহে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | জুন ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী বিষয়ে কোন সংযোজন/সংশোধন প্রস্তাব থাকলে তা উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | কোনে সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | - |
| ০২ | ১৫ আগস্ট ২০২৩ জাতীয় শোক দিবসের বিভিন্ন কর্মসূচী যথাযথ মর্যাদায় পালনের নিয়ে সভায় আলোচনা করা হয়। | ১। ১৩ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে গৃহীত কর্মসূচীর প্রতিযোগিতা সম্পন্ন করে প্রতিবেদন জমা প্রদান করতে হবে।<br><br>২। ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে গৃহীত অন্যান্য কর্মসূচীসমহূ যথাযথ মর্যাদায় পালন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>সহকারী পরিচালক(গবেষণা) |
| ০৩ | খন্ডকালীন নিয়োজিত ডাক্তার, ইমাম ও মুয়াজ্জিন নিয়োগ নির্বাহী কাউন্সিলের গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | খন্ডকালীন ডাক্তার, ইমাম ও মুয়াজ্জিন নিয়োগের তথ্য বিভিন্ন সরকারী, স্বায়ত্বশাসিত (বিপিএটিসি, বিএলআরআই) প্রতিষ্ঠানের নীতিমালা/পদ্ধতি সংগ্রহ করে প্রস্তাবনা প্রনয়ন করত: আগামী সভার উপস্থাপন করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ০৪ | ডিপ্লোমা কোর্সের ভর্তি পরীক্ষার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | আবেদনকারীদের লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করে ডিপ্লোমা কোর্সের ভর্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ন)<br>সহকারী পরিচালক(প্রশিক্ষণ) |
| ০৫ | স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রক্রিয়ায় ইনস্টিটিউটের সক্ষমতা অর্জন না করা পর্যন্ত যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক, জেলা কার্যালয়ের মাধ্যমে ২০% প্রশিক্ষণার্থী মনোনয়ন গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ন)<br>সহকারী পরিচালক(প্রশিক্ষণ) |
| ০৬ | ২০২৩-২০২৪ অর্থ বছরে এপিএ ও শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ২০২৩-২০২৪ অর্থ বছরে এপিএ ও জাতীয় শুদ্ধাচার কৌশল যথাসময়ে বাস্তবায়নের জন্য ধাপ-ভিত্তিক বাজেট সম্পর্কে ক্যালেন্ডার তৈরীর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>সহকারী পরিচালক(অর্থ) |
| ০৭ | ডিপ্লোমা কোর্সের সিলেবাস তৈরীর বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ডিপ্লোমা কোর্সের শুরুতে প্রশিক্ষণার্থীদের সিলেবাস প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যা:) |
| ০৮ | আবাসিক ভবন সমুহ মেরামতের বিষয়ে সভায় আলোচনা করা। | আবাসিক ভবনের অব্যবহৃত বাসাসমূহ বসবাসের উপযোগী করে তোলার জন্য সিভিল, স্যানেটারী, ইলেকট্রিক কাজের প্রাক্কলন প্রস্তুত করে যথাশীঘ্র উপস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপসহকারী প্রকৌশলী ও ইন্সট্রাক্টর (ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং) |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৯ | বৈদ্যুতিক লাইনের বিভিন্ন সমস্যা নিয়ে সভার আলোচনা করা হয়। | বৈদ্যুতিক লাইনের বিভিন্ন সমস্যা সমাধানের জন্য উপযুক্ত বেসরকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাহায্যে ব্যয় নির্ধারণের প্রাক্কালন তৈরীর করতে হবে। | ইন্সট্রাক্টর (ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং) |
| ১০ | ইনস্টিটিউট হতে প্রশিক্ষণ প্রাপ্তদের ডাটাবেজ তৈরী এবং প্রশিক্ষণে আগ্রহীদের আবেদন দাখিল ও বাছাই কার্যক্রম সম্পন্নের ক্ষেত্রে ওয়েব বেজড এ্যাপ্লিকেশন তৈরীর বিষয় সভায় আলোচনা করা হয়। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে আইসিটি বিষয় কর্মরত প্রভাষক ও ২ জন ইন্সট্রাক্টরদের বর্ণিত এ্যাপ্লিকেশন প্রস্তুতকরণের জন্য নিয়োজিত করা হয়। পরবর্তী সভায় এ বিষয়ে তারা অগ্রগতি উপস্থাপন করবেন। | প্রভাষক (আইসিটি)<br>ইন্সট্রাক্টর(আইসিটি) ২ জন |
| ১১ | নতুন নিয়োগকৃত কর্মকর্তা ও কর্মাচারীদের পুলিশ ভেরিফিকেশন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | নিয়োগকৃত কর্মকর্তা ও কর্মাচারীদের পুলিশ ভেরিফিকেশন দ্রত প্রাপ্তির বিষয়ে এসবি হেড কোয়াটারের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১২ | বিষয় ভিত্তিক কারিকুলাম তৈরীর বিষয়ে সভার আলোচনা করা হয়। | ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি, হর্টি কালচার, কৃষি, ফিশারিজ, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল বিষয়ে খসড়া কারিকুলাম প্রস্তুত করতে হবে। | সংশ্লিষ্ট প্রভাষক ও ইন্সট্রাক্টর |
| ১৩ | ইনোভেশন কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করা হয়। | ১০ দিনের মধ্যে ইনেভেশন কমিটির সভা করে কার্যবিবরণী দাখিল করতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ ও মূল্যায়ন) |
| ১৪ | ২০২৩-২০২৪ অর্থ বছরে এপিএ ও শুদ্ধাচার বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা করা হয় । | ২০২৩-২০২৪ অর্থ বছরে এপিএ ও জাতীয় শুদ্ধাচার কৌশল যথাসময়ে বাস্তবায়নের জন্য ধাপ-ভিত্তিক ক্যালেন্ডার তৈরীর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ)<br>জনাব মো: আব্দুল জাব্বার, (সহকারী পরিচালক) |
| ১৫ | মাসিক সমন্বয় সভার কার্যপত্র প্রস্তুতের লক্ষ্যে সকল শাখা হতে তথ্য প্রশাসন শাখায় জমা দেয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রতি মাসের ৩ তারিখের মধ্যে বিবেচ্য মাসের (সর্বশেষ মাসের) সকল শাখার তথ্য প্রশাসন শাখায় জমা প্রদান করতে হবে। | সকল কর্মকর্তাবৃন্দ |
| ১৬ | পুরাতন বা নস্ট মালামাল বিক্রয়/বিনস্টকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | পুরাতন বা নস্ট মালামালের প্রাক্কলন তৈরীপূর্বক বিক্রয়/বিনস্টকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | |
| ১৭ | জুলাই ২০২৩ মাসে শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচন বিষয়ে সভায় আলোচনা করা হয়। কর্মচারীদের কাজের মান-উন্নয়ন বিষয় এ পদক্ষেপ অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | ক) এপ্রিল ২০২৩ মাসে ৩য় শ্রেণীর কর্মচারী জনাব আমির মো: আব্দুল্লাহ, রিসার্চ এসিষ্ট্যান্ট, জনাব কবিতা রানী হালদার, কেয়ার টেকার কাম স্টোরকিপার। | উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক(অতিরিক্ত সচিব)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোন:-০২-২২৪৪২৬০৩০
ই-মেইল- dgshniyd@shniyd.gov.bd